

রিওপেনিং নিউ ইয়র্ক সিটি: প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নসমূহ যেগুলি ধর্মীয় এবং অন্ত্যেষ্টিক্রিয়া পরিষেবাগুলির জানা প্রয়োজন

ধর্মীয় এবং অন্ত্যেষ্টিক্রিয়া সংক্রান্ত পরিষেবা, দাফন পরিষেবা সহ, আবার খুলতে পারে। NYC-তে রিওপেনিং সম্পর্কে মুখ্য কিছু প্রশ্নের উত্তর পেতে সহায়তা করার জন্য আমরা এই ডকুমেন্টটি তৈরি করেছি।

আপডেটগুলির জন্য nyc.gov/health/coronavirus দেখুন। COVID-19 সম্পর্কে এবং সংক্রমণ কমানো এবং নিউ ইয়র্ক বাসীদের নিরাপদ রাখা সম্পর্কে আমরা যেমন যেমন জানতে পারব সেই অনুযায়ী সিটি এবং স্টেটের আশু কর্তব্যগুলি পরিবর্তিত হতে পারে।

COVID-19 এর সংক্রমণ প্রতিরোধ করতে মুখ্য চারটি পদক্ষেপ মনে রাখুন:

নিউ ইয়র্ক স্টেট নির্দেশিকা থেকে কিছু সেরা অনুশীলন এখানে দেওয়া হল। [আবশ্যিকতাব্যক্তির সম্পূর্ণ তালিকা দেখুন](#) নিউ ইয়র্ক স্টেটের ওয়েবসাইটে নিশ্চিত করতে যে আপনি অনুবর্তিতার অধীনে আছেন। কর্মী এবং গ্রাহকদের সুরক্ষিত রাখুন COVID-19 এর বিস্তার রোধ করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি নিয়ে:

- **অসুস্থ হলে বাড়িতে থাকা:** অসুস্থ হলে বাড়িতে থাকুন যদি না অত্যাবশ্যিক চিকিৎসা পরিচর্যার ([টেস্টিং](#) সহ) জন্য বা অন্যান্য অত্যাবশ্যিক কাজে বাইরে যেতে না হয়।
 - দূরবর্তীভাবে স্বাস্থ্য স্ক্রিনিং সম্পাদন করুন (উদাহরণস্বরূপ, টেলিফোন বা বৈদ্যুতিক সমীক্ষার মাধ্যমে), মানুষের আগমনের আগে।
 - আপনাকে যদি সাইটে স্ক্রিনিং পরিচালনা করতেই হয়, তাহলে স্ক্রিনিং সম্পূর্ণ হবার আগে মানুষের মধ্যে পারস্পরিক নিকট সংস্পর্শ রোধ করতে স্ক্রিনিং এর সমন্বয় সাধন করুন।
 - কর্মচারীদের এলাকাগুলিতে “[Stop The Spread](#)” (বিস্তার বন্ধ করুন) পোস্টার পোস্ট করুন। অতিরিক্ত ভাষা সংক্রান্ত পরিষেবা উপলভ্য nyc.gov/health/coronavirus অথবা 311 নম্বরে কল করে একটি কপি অর্ডার করতে।
- **সামাজিক দূরত্ব:** অন্য মানুষদের থেকে অন্তত 6 ফুট দূরত্বে থাকুন।
 - স্টেশন (যেমন পোড়িয়াম) এবং বসার এলাকাগুলির ব্যবহার এবং/অথবা সংখ্যা সীমিত করুন, যাতে কর্মী সদস্যরা, স্বেচ্ছাসেবী এবং অংশগ্রহণকারীরা সব দিকে অন্তত 6 ফুট দূরত্বে থাকেন এবং স্টেশন বা আসন শেয়ার না করেন ব্যবহারের মাঝের সময় সেগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে, যদি না সকল ব্যক্তিগণ একই পরিবারের সদস্য হন।
 - যে সকল অনুশীলনের সাথে নিকট সংস্পর্শ বা জিনিষপত্র শেয়ার করা জড়িত ভিন্ন পরিবারের সদস্যদের মধ্যে (একটি গাড়ি শেয়ার করা, বা বিভিন্ন অবস্থানের মধ্যে লিমুজিন চড়া, খাদ্য/পানীয় প্রদান করা অংশগ্রহণকারীদের মধ্যে ইভেন্টের আগে, চলাকালীন, বা ইভেন্টের বা পরিষেবার পরে)।

- সংকীর্ণ গলি, হল বা পিউগুলিতে তির চিহ্ন দিয়ে সাইন পোস্ট করে দ্বিমুখী পায়ে হাঁটা মানুষের ভিড় কমান।
- **একটি মুখের আবরণ পরা:** আপনার আশেপাশের সকলকে সুরক্ষিত করুন। আপনি উপসর্গগুলি ছাড়াই সংক্রমিত হয়ে থাকতে পারেন এবং কাশি, হাঁচি, বা কথা বলার সময় রোগটি ছড়াতে পারেন। একটি মুখের আবরণ COVID-19 ছড়িয়ে পড়া কমাতে সহায়তা করতে পারে।
 - গ্রহণযোগ্য **মুখের আবরণ** বিনা খরচে কর্মীদের সরবরাহ করুন এবং বদলানোর দরকার হলে আবরণগুলির পর্যাপ্ত জোগান উপলভ্য রাখুন।
 - মুখের আবরণগুলি প্রতিদিন পরিষ্কার করতে হবে বা প্রতিস্থাপন করতে হবে ব্যবহারের পরে এবং সেগুলি শেয়ার করা উচিত নয়।
- **স্বাস্থ্যসম্মত হাতের স্বাস্থ্যবিধি অনুশীলন করা:** সাবান ও জল দিয়ে আপনার হাত ধুুন বা সাবান ও জল উপলব্ধ না থাকলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন; যে পৃষ্ঠতলগুলি (সারফেস) প্রায়শই স্পর্শ করা হয় সেগুলি বার বার পরিষ্কার করুন; হাত না ধুয়ে আপনার মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন এবং আপনার কাশি বা হাঁচি হাতের বদলে জামার হাতা দিয়ে ঢাকুন।
 - বিভিন্ন পরিবারের সদস্যদের জড়িয়ে ধরা, হাত ধরা ও করমর্দন করা সহ নিকট সংস্পর্শ সার্ভিস বা প্রার্থনার সময়।
 - জিনিষপত্র শেয়ার করা সীমিত করুন (যেমন ধর্মীয় লেখা, সংগ্রহের প্লেট) ও তার সাথে শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা (যেমন পিউ, যন্ত্রপাতি, দরজা, রেলিং); বা ব্যক্তিবর্গের গ্লাভস পরা আবশ্যিক করা যখন শেয়ার করা বস্তুর সংস্পর্শে থাকবেন বা প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে থাকবেন; অথবা সংস্পর্শের আগে ও পরে ব্যক্তিবর্গের হাত ধোয়া বা স্যানিটাইজ করা আবশ্যিক করে।

যদিও আপনি নিচের পদক্ষেপগুলি অনুসরণ করলে আবার খুলতে পারবেন, তবুও COVID-19 এর বিস্তার রোধ করতে এবং সমাবেশকারী ও অংশগ্রহণকারীদের সুরক্ষিত রাখার সব থেকে ভালো উপায় হল যতটা সম্ভব বাড়ি থেকে কাজ করা চালিয়ে যাওয়া। আমরা এক সাথে নিউ ইয়র্ক শহরে COVID19 এর সংক্রমণ কমাতে এবং পুনরায় খোলা চালিয়ে যেতে পারবো।

আইনসম্মত ভাবে আমার ব্যবসা রিওপেন করতে আমাকে কী করতে হবে?

আপনার রিওপেন করার আগের আবশ্যিক পদক্ষেপসমূহ

- একটি **নিরাপত্তার পরিকল্পনা** তৈরি করুন এবং সেটি আপনার কর্মস্থলে টাঙিয়ে রাখুন।
- **নিউ ইয়র্ক স্টেট (NYS) নির্দেশিকা** পড়ুন এবং অনুবর্তিতা সুনিশ্চিত করুন। স্টেটের আবশ্যিকতা অনুযায়ী আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্প সম্পর্কিত নির্দেশিকাগুলি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন এবং আপনি সেগুলিকে কার্যকর করবেন। আপনি forms.ny.gov/s3/ny-forward-affirmation এ নিশ্চিতকরণ ফর্মটি পূরণ করতে পারেন।

আমি কখন কাজে আবার যোগদান করতে পারব?

নিউ ইয়র্ক সিটি (NYC) তে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন অব্যাহত রয়েছে। আপনার কর্মচারীদের সুরক্ষিত রাখতে এবং COVID-19 এর বিস্তার রোধ করার সবথেকে ভালো উপায় হল যতদিন সম্ভব দূর থেকে কাজ করার নীতি চালিয়ে যাওয়া। দূর থেকে কাজ করা, যে সমস্ত ব্যক্তিকে সশরীরে উপস্থিত হয়ে কাজ করতে হয় তাদের সুরক্ষিত রাখতে সহায়তা করতে পারবে এবং আমাদের কমিউনিটিগুলিকে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ কমিউনিটিগুলি যারা COVID-19 এর দ্বারা অন্যান্যদের থেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের নিরাপদ রাখতে সহায়তা করতে পারবে।

আপনার কার্যপ্রণালীগুলিতে অন্যান্য কী পরিবর্তন করলে আপনি আরো বেশি কর্মচারীকে বাড়ি থেকে কাজ করার অনুমতি দিতে পারেন তা ভাবনা চিন্তা করুন। আপনার যদি আপনার কর্মচারীদের কাজের জন্য বাইরে আনতেই হয়, তাহলে [“New York Forward”](#) (নিউ ইয়র্ক ফরোয়ার্ড) এ, এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী এবং আবশ্যিকতাগুলি পর্যালোচনা করুন, এবং আপনার কর্মচারীদের COVID-19 থেকে সুরক্ষিত রাখতে ঝুঁকি কমানোর কৌশলগুণবাস্তবায়িত করুন।

NYC কী রিসোর্স উপলব্ধ আছে?

- নিরাপদ পরিবেশ বজায় রাখতে সহায়তা করার জন্য NYC বিবিধ ভাষার সাইনেজ সহ, নির্দেশিকা এবং সরঞ্জাম প্রদান করছে।
- আপনাকে, আপনার কর্মচারীদের, এবং আপনার গ্রাহকদের রক্ষা করতে NYC-র ব্যাপক COVID-19 [“Test and Trace”](#) (টেস্ট অ্যান্ড ট্রেস) প্রোগ্রাম আছে। আরো তথ্যের জন্য, নিচে "স্ক্রিনিং, টেস্টিং এবং সংস্পর্শ খুঁজে বের করা" দেখুন।
- আপনার এবং আপনার কর্মচারীদের মানসিক স্বাস্থ্য সেবা সহ স্বাস্থ্য সেবার রিসোর্সগুলি অ্যাক্সেস করতে সহায়তা করার জন্য NYC-র রিসোর্স উপলব্ধ। আরো তথ্যের জন্য, নিচে "স্বাস্থ্য সেবায় অ্যাক্সেস" দেখুন।
- ব্যবসায়িকভাবে তাদের দায়বদ্ধতা বোঝাতে সহায়তা করার জন্য NYC-র প্রতিনিধিরা কমিউনিটিতে থাকবেন।

স্ক্রিনিং, টেস্টিং এবং সংস্পর্শ খুঁজে বের করা

COVID-19 এর জন্য আমাকে কীভাবে আমার কর্মচারীদের স্ক্রিন করতে হবে?

নিউ ইয়র্ক স্টেটের (NYS) আবশ্যিকতা অনুযায়ী নিয়োগকারীদের কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। NYC স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental Hygiene এর NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) এর [স্ক্রিনিং টুল](#) পর্যালোচনা করুন। কর্মীকে নিজেদের শরীরের দিকে

বিশেষভাবে নজর রাখতে এবং অসুস্থ হলে বাড়িতে থাকার কথা মনে করিয়ে দিন। যে সমস্ত কর্মী অসুস্থ অবস্থায় কাজে আসছেন বা কর্মস্থলে অসুস্থ হয়ে পড়ছেন তাদের অবিলম্বে বাড়ি পাঠিয়ে দিতে হবে।

কর্মচারীরা যতক্ষণ না তাদের সেলফ-আইসোলেশনের জন্য মানদণ্ড পূরণ না করছেন ততক্ষণ পর্যন্ত তাদের বাড়িতে থাকতে উৎসাহিত করা জন্য নিয়োগকারীদের ছুটির পলিসি শিথিল করতে হবে। শারীরিক দূরত্ব, হাতের উত্তম স্বাস্থ্যবিধি এবং মুখের আবরণের নিয়মিত ব্যবহার করাও অত্যাৱশ্যক -- COVID-19 এর ছড়িয়ে পড়া আটকাতে এই সাবধানতাগুলি অত্যাৱশ্যক।

স্ক্রিনিংগুলি থেকে আমি কর্মচারীদের সম্পর্কে যে তথ্য জানছি তার ক্ষেত্রে কী গোপনীয়তার নিয়মাবলী প্রযোজ্য?

একজন নিয়োগকারীকে কর্মচারীদের চিকিৎসা সম্পর্কিত তথ্যের জন্য অবশ্যই ফাইল মেনটেন করতে হবে এবং সেটিকে অন্যান্য ব্যক্তিগত ফাইলগুলির থেকে আলাদা হতে হবে। নিয়োগকারীদের অবশ্যই চিকিৎসা সম্পর্কিত তথ্যের গোপনীয়তা রক্ষা করতে হবে। গোপনীয়তা রক্ষার আৱশ্যিকতার ক্ষেত্রে কিছু ব্যতিক্রম আছে। উদাহরণস্বরূপ, একজন কর্মচারীর কাজ বা কর্তব্য এবং প্রয়োজনীয় বন্দোবস্তগুলি সম্পর্কে প্রয়োজনীয় নিষেধাজ্ঞাগুলির বিষয়ে সুপারভাইজার এবং ম্যানেজারদের জানাতে হতে পারে; কারোর জরুরি চিকিৎসার প্রয়োজন হলে, যখন উচিৎ মনে হবে তখন প্রাথমিক চিকিৎসা এবং নিরাপত্তা কর্মীদের জানাতে হতে পারে; যুক্তরাষ্ট্রীয় বৈশম্য আইন মেনে চলা নিয়ে তদন্ত করা সরকারি আধিকারিকদের অনুরোধের ভিত্তিতে অবশ্যই প্রাসঙ্গিক তথ্য প্রদান করতে হবে।

একজন কর্মচারী স্ক্রিন না করতে চাইলে নিয়োগকারীর কী বিকল্প আছে? তাদের কি বরখাস্ত করা যাবে?

কর্মচারীদের ব্যাখ্যা করা জরুরি যে তাদের, তাদের সহকর্মীদের এবং গ্রাহকদের সুরক্ষিত করার জন্যই স্ক্রিনিং। তাদের কোনো প্রশ্ন বা সমস্যা থাকলে তার উত্তর দিন। একজন কর্মচারী স্ক্রিন না করতে চাইলে, একজন নিয়োগকারী কর্মচারীটিকে শাস্তি দিতে পারেন। শাস্তির ধরন নিয়োগকারীর নীতি এবং যৌথ দরকষাকষির চুক্তিগুলি অনুযায়ী প্রদত্ত যে কোনো অধিকারের ওপর নির্ভর করবে।

আমাকে কি স্ক্রিন করা স্বাস্থ্য সম্পর্কিত ডেটা রেখে দিতে হবে?

নিউ ইয়র্ক স্টেটের আৱশ্যিকতা অনুযায়ী ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে বাধ্যতামূলক হেলথ স্ক্রিনিং অ্যাসেসমেন্ট বাস্তবায়িত করতে হবে। ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে এই প্রতিদিনের হেলথ স্ক্রিনিং অ্যাসেসমেন্টগুলি যে তারা পর্যালোচনা করেছেন তা অবশ্যই নথিবদ্ধ করতে হবে। ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে কর্মচারীদের স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ডগুলি (যেমন তাপমাত্রার তথ্য) রাখা থেকে নিষিদ্ধ করা হয়। স্ক্রিনিং এবং নথিবদ্ধ করার উদাহরণগুলির জন্য NYC সিটি স্বাস্থ্য দপ্তরের (NYC Health Department) [স্ক্রিনিং টুল](#) এবং [মডেল লগ](#) দেখুন।

NYC টেস্ট এবং ট্রেস প্রোগ্রাম কী?

দ্যা NYC অ্যান্ড ট্রেস কর্প (NYC Test and Trace Corps) COVID-19 এর কেসগুলি তদন্ত করার জন্য, এবং সেই কেসগুলির ঘনিষ্ঠ সাল্লিধ্য সনাক্ত করতে ও মনিটর করার জন্যে হাজার হাজার কন্ট্যাক্ট ট্রেসার মোতায়েন করছে।

এটি নিউ ইয়র্ক সিটিকে, এই ভাইরাসের জন্য পজিটিভ টেস্ট হওয়া ব্যক্তিদের অবিলম্বে আইসোলেট করার এবং পরিচর্যা করার সুযোগ দেবে, এবং তাদের ঘনিষ্ঠ সান্নিধ্যে আসা ব্যক্তিদের ক্ষেত্রেও সেই একই কাজ করবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন: nyhealthandhospitals.org/test-and-trace/testing.

স্টেটের নির্দেশিকায় বলা আছে "COVID-19 এর জন্য টেস্টের ফলাফলগুলি পজিটিভ বা ইতিবাচক হলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে তা স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরে জানাতে হবে।" আমি কীভাবে সিটির স্বাস্থ্য দপ্তরে জানাবো?

আপনি CovidEmployerReport@nychhc.org এ দ্যা NYC অ্যান্ড ট্রেস কর্প কে ইমেল করতে পারেন।

কর্মচারীদের COVID-19 হলে বা হওয়ার সম্ভাবনা থাকলে কি নিয়োগকারীদের সতর্ক করে দিতে হবে?

দ্যা NYC টেস্ট অ্যান্ড ট্রেস কর্প COVID-19 হওয়া ব্যক্তিদের বাড়িতে আইসোলেশনে যাওয়ার নির্দেশ দেবে, এবং তাদের নিয়োগকারীকে সতর্ক করে দেওয়া উচিত। এই আইসোলেশনে থাকার সময়কালে তারা কাজে যোগদান করার জন্য বাড়ি থেকে বেরোতে পারবেন না, যদিও তারা বাড়ি থেকে কাজ করতে পারবেন যদি তারা তা করতে সক্ষম হন।

একজন কর্মচারীর COVID-19 টেস্ট পজিটিভ আসলে নিয়োগকারীদের কি অন্যান্য কর্মীদের তা জানাতে হবে?

আপনি অন্যান্য কর্মী বা ক্রেতা/গ্রাহকদের জানাতে পারেন যে তারা সংস্পর্শে এসে যেতে পারেন, কিন্তু পজিটিভ টেস্ট হওয়া কর্মচারীর নাম শেয়ার করবেন না। কর্মচারী এবং ক্রেতা/গ্রাহকদের বুঝিয়ে বলুন যে আপনাকে কর্মচারীর গোপনীয়তা রক্ষা করতেই হবে এবং নির্দিষ্ট কোনো কর্মচারীর রোগ আলোচনা করা যাবে না। দ্যা NYC টেস্ট অ্যান্ড ট্রেস কর্প ঘনিষ্ঠ সান্নিধ্যে আসা ব্যক্তিবর্গ যারা সংস্পর্শে এসে থাকতে পারেন তাদের চিহ্নিত করার জন্য COVID-19 নির্ণীত সকল ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার চেষ্টা করবে। এই ঘনিষ্ঠ সান্নিধ্যে আসা ব্যক্তিবর্গকে টেস্ট করার জন্য পাঠানো হবে এবং তাদের সংস্পর্শের ওপর ভিত্তি করে আইসোলেট করা হবে। যদি একজন ব্যক্তি একটি কেসের সান্নিধ্যে এসেছেন বলে উদ্ভিন্ন থাকেন কিন্তু দ্যা NYC টেস্ট অ্যান্ড ট্রেস কর্প তার সাথে যোগাযোগ না করে থাকে, তাহলে সেই ব্যক্তি COVID-19 টেস্টিংয়ের বিকল্পগুলি সম্পর্কে আলোচনা করার জন্য তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলতে পারেন বা nyhealthandhospitals.org/test-and-trace/testing দেখতে পারেন।

COVID-19 পজিটিভ টেস্ট হওয়া বা তার সাথে সামঞ্জস্যপূর্ণ উপসর্গ থাকা একজন কর্মচারী কখন আবার কাজে যোগদান করতে পারবেন আইসোলেশনের পরে?

NYS রিওপেনিং নির্দেশিকার উপর ভিত্তি করে কর্মীদের কাজে ফেরা উচিত নয় তাদের উপসর্গ শুরু হওয়ার পর থেকে 10 না হওয়া পর্যন্ত অথবা যদি কোন উপসর্গ না দেখা দেয়, তাহলে তাদের প্রথম ইতিবাচক পরীক্ষার 10 দিন পরে।

একজন অসুস্থ কর্মীকে বাড়িতে ফেরত পাঠানোর সময় সহকর্মীদের হয়রানি বা বৈষম্যের স্বীকার হওয়া থেকে তাদের রক্ষা করতে আমার কী বলা উচিত?

কী কারণে কর্মীটিকে বাড়িতে পাঠিয়ে দেওয়া হচ্ছে তা আপনার অন্যদের কাছে প্রকাশ করা উচিত নয়। স্বাস্থ্য সংক্রান্ত তথ্য গোপনীয় এবং অন্যান্য কর্মচারীদের কাছে প্রকাশ করা যাবে না। সহকর্মীদের বলুন যে COVID-19 এর মতো একটি রোগের কারণে একজন কর্মচারীকে হয়রানি বা বৈষম্যের স্বীকার করা হল NYC মানবাধিকার আইন (NYC Human Rights Law) লঙ্ঘন করা।

অসুস্থ হওয়ার জন্য কাজে যোগদান করা থাকা বিরত রাখা একজন কর্মচারীকে কাজে আবার যোগদান করার আগে কি একটি COVID-19 বা অ্যান্টিবডি টেস্ট করাতেই হবে?

না, কাজে আবার যোগদানের জন্য কোনো টেস্টিংয়ের আবশ্যিকতা নেই। যদিও, NYC, সকল নিউ ইয়র্ক বাসীদের, সে তাদের উপসর্গ থাকুক বা না থাকুক বা হওয়ার ঝুঁকি বেশি বা কম যাই থাকুক না কেন, COVID-19 ডায়গনস্টিক টেস্টিং করিয়ে নেওয়ার সুপারিশ করে। আগে যাদের টেস্ট পজিটিভ এসেছিল তাদের বর্তমানে আবার টেস্ট করার পরামর্শ দেওয়া হয় না, যদি না জনস্বাস্থ্য নির্দেশিকা বা তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীরা তা করার পরামর্শ দেন।

একজন কর্মচারী COVID-19 এর টেস্ট পজিটিভ আসলে, তাদের নির্দিষ্ট কাজের জায়গা এবং সম্পূর্ণ কর্মস্থল কীভাবে পরিষ্কার করতে হবে?

অফিস, বাথরুম, সকলের ব্যবহার করে এমন জায়গাগুলির মতো জায়গাগুলি, ট্যাবলেট, টাচ স্ক্রিন, কিবোর্ডের মতো ইলেকট্রনিক সরঞ্জামগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ [নির্দেশিকা](#) অনুসরণ করুন।

একজন কর্মচারী যদি COVID-19 অ্যান্টিবডিগুলির জন্য পজিটিভ পরীক্ষিত হন তাহলে কি তার অর্থ তারা আর সংক্রমিত হবেন না?

COVID-19 অ্যান্টিবডিগুলি থাকা মানে সেই ব্যক্তির রোগ প্রতিরোধ ক্ষমতা দীর্ঘস্থায়ী কিনা তা আমরা এখনও জানি না। একটি অ্যান্টিবডি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে আপনার কাউকে কাজ থেকে বের করে দেওয়া বা কর্মসংস্থান সম্পর্কিত অন্যান্য সিদ্ধান্ত নেওয়া উচিত নয়।

অসুস্থ হলে বাড়িতে থাকা

অনেক কর্মচারী বাড়িতে আইসোলেট থাকতে পারেন না। সিটি কী কী রিসোর্সের প্রস্তাব দেয়?

যে সকল নিউ ইয়র্ক বাসীর COVID-19 হয়েছে বা সেরকম কারোর সাথে থাকেন এবং বাড়িতে আইসোলেট করতে পারছেন না, তারা নিখরচায় একটি হোটেলে থাকতে পারবেন। আপনার কর্মচারীদের সঙ্গে nyc.gov/covid19hotels এ উপলভ্য NYC COVID-19 হোটেল প্রোগ্রাম (NYC COVID-19 Hotel Program) সম্পর্কে তথ্য শেয়ার করুন।

আমার কর্মচারী তার সমস্ত সবেতন ছুটি শেষ করে ফেলেছেন কিন্তু COVID-19 এর উপসর্গ আছে বা COVID-19 হয়েছে বলে নিশ্চিত করা হয়েছে। সরকার কি তাদের অসুস্থতা জনিত ছুটির বেতন প্রদান করবে?

সবেতন অসুস্থতা জনিত ছুটি সম্পর্কে তথ্যের জন্য, nyc.gov/health দেখুন এবং "Paid Sick Leave Commissioner's Order" (অসুস্থতা জনিত ছুটির কমিশনারের আদেশ) এবং "Paid Sick Leave FAQ" (সবেতন অসুস্থতা জনিত ছুটির প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী) দেখুন। আরো তথ্যের জন্য আপনি NYC DCWP ও দেখতে পারেন।

নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন (Human Rights Laws), এবং প্রতিবন্ধকতায়ুক্ত আমেরিকা বাসীদের জন্য আইন (Americans with Disabilities Act) অনুযায়ী "প্রতিবন্ধকতা" (যা শারীরিক অসুস্থতাকেও অন্তর্ভুক্ত করে) থাকা কর্মচারীদের ন্যায্য বাসস্থান প্রদান করার জন্য নিয়োগকারীদের যে দায়বদ্ধতা আছে সে বিষয়ে তাদের ওয়াকিবহাল থাকতে হবে। ছুটি দেওয়া ন্যায্য বাসস্থান প্রদান করার একটি ধরন। এই বৈশম্যের আইনগুলির সবেতন ছুটি দেওয়ার আবশ্যিকতা নেই, কিন্তু সেই আইন অনুযায়ী, নিয়োগকারীর নীতি (এবং পরিবার এবং চিকিৎসা সংক্রান্ত ছুটি আইন (Family and Medical Leave Act), অনুযায়ী তার বেশি ছুটি) অনুযায়ী একজন নিয়োগকারীকে যদি সাধারণ যে সবেতন ছুটি, তার বেশি ছুটি দেওয়ার প্রয়োজন পড়ে তাহলে নিয়োগকারীর খুব বেশি অসুবিধা না হলে সেই ছুটি দিতে হতে পারে।

আমার ব্যবসা সমস্ত আবশ্যিকতা মেনে চলার পরেও কর্মচারী এবং/অথবা গ্রাহকরা COVID-19 এর সংস্পর্শে এলে কি আমার ওপর কোনো দায় বর্তাবে?

দায় সম্পর্কিত বিষয়ের জন্য আপনার বিমা প্রদানকারী এবং আইনজীবীকে জিজ্ঞাসা করুন।

স্বাস্থ্য সেবা এবং মানসিক স্বাস্থ্য সহায়তায় প্রবেশাধিকার

আমার কিছু কর্মচারীদের ডাক্তার নাও থাকতে পারে। আমি তাদের কোথায় রেফার করব?

- কর্মচারীদের স্বাস্থ্য সেবা খুঁজে পেতে সহায়তা করার জন্য তাদেরকে আপনার কোম্পানির স্বাস্থ্য বিমা পরিকল্পনার সাম্প্রতিক স্বাস্থ্য সেবা প্রদানকারীর ডিরেক্টরী বিতরণ করুন।
- আপনি যদি একটি ছোটো ব্যবসায়িক প্রতিষ্ঠান হন এবং কর্মচারীদের বিমা প্রদান না করেন, তাহলে তাদের জানান যে বিনামূল্যে বা কম-খরচায় স্বাস্থ্য সেবা কোথায় পাওয়া যাবে তা জানতে তারা **311** নম্বরে ফোন করতে পারেন।
- বিনামূল্যে COVID-19 টেস্টিং সম্পর্কে তথ্য প্রদান করুন।
- অসুস্থ হলে কী করতে হবে সে সম্পর্কে তথ্য প্রদান করুন।

আমাদের অনেক কর্মচারী COVID-19 এ বন্ধু এবং আত্মীয় স্বজনদের হারিয়েছেন। মানসিক স্বাস্থ্যের কী রিসোর্স উপলব্ধ?

আপনার কর্মচারীকে আশ্বস্ত করুন যে বিহ্বলতা, দুঃখ, উদ্বিগ্নতা, ভীত বোধ করা, বা ঘুমের সমস্যার মতো অসুবিধাগুলি স্বাভাবিক। nyc.gov/nycwell এ "App Library" (অ্যাপ লাইব্রেরি)-তে যান অনলাইন সরঞ্জামের

জন্য যা আপনাকে আপনার স্বাস্থ্য এবং মানসিক সুস্থতা নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে। কর্মীরা একটি বিনামূল্যের এবং গোপনীয় মানসিক স্বাস্থ্য সহায়তা পরিষেবা NYC Well (NYC ওয়েল)-এ পরামর্শদাতাদের সাথে যোগাযোগ করতে পারেন। NYC Well কর্মীরা 24/7 উপস্থিত রয়েছেন এবং তারা সংক্ষিপ্ত কাউন্সেলিং ও পরিচর্যার জন্য রেফারেল প্রদান করতে পারবেন:

- 888-692-9355 নম্বরে ফোন করুন।
- nyc.gov/nycwell এ অনলাইন চ্যাট করুন।

নিউ ইয়র্ক রাজ্যের COVID-19 মানসিক সহায়তার হেল্পলাইনও উপলভ্য এবং বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবী পেশাদাররা সেখানে পরিষেবা প্রদান করেন। সপ্তাহে সাত দিন, সকাল ৪টা থেকে রাত 10টা অবধি 844-863-9314 নম্বরে তারা উপস্থিত থাকেন শোনার জন্য, সহায়তা এবং পরিচর্যার রেফারাল প্রদান করার জন্য।

কর্মস্থলে এক মিনিট নীরবতা পালন করে, শ্রদ্ধা জানানোর একটি অনলাইন পেজ তৈরি করে বা শ্রদ্ধা জ্ঞাপনের জন্য দূরবর্তী জমায়তের আয়োজন করার মতো উপায়ে মারা যাওয়া কর্মচারীদের আত্মার শান্তি কামনার উপায়গুলি বিবেচনা করুন। কোন উপায়টি উপযুক্ত হবে তা কর্মস্থলে সংস্কৃতি এবং পরিবারের ইচ্ছার ওপর নির্ভর করবে।

সামাজিক দূরত্ব

সম্ভব হলে আমার কর্মচারীরা কি দূর থেকে কাজ করা অবিরত রাখতে পারবে?

হ্যাঁ। বাড়ি থেকে কাজ করা (টেলিফোনে কাজ করা) অবিরত রাখার নীতি NYC-কে COVID-19 এর সংক্রমণ কমাতে এবং যে কর্মচারীদের তাদের কাজ সম্পাদন করার জন্য অবশ্যই কর্মস্থলে রিপোর্ট করতে হয় তাদের সুরক্ষিত রাখতে সহায়তা করবে।

আমার কর্মচারীরা বাড়ি থেকে কাজ করতে পারবেন না। কর্মস্থলে লোকসংখ্যা কমাবার আর কি কোনো উপায় আছে?

হ্যাঁ। কাজের সময় এবং দিন আণ্ডপিছু করে কর্মস্থলে কর্মীর সংখ্যা কমান। কর্মস্থলে যত কম লোক থাকবে সামাজিক দূরত্ব বজায় রাখা তত সহজতর হবে।

কর্মস্থলে কি আমার কর্মচারীদের সামাজিক দূরত্ব মেনে চলতে হবে? সামাজিক দূরত্বের প্রোটোকলগুলি কত দিন থাকবে?

হ্যাঁ, কর্মচারীদের অবশ্যই শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। COVID-19 এর বিস্তার রোধ করতে সামাজিক দূরত্বের ভূমিকা গুরুত্বপূর্ণ। এমনকি একবার অন্যান্য নিষেধাজ্ঞাগুলো তুলে নেওয়া হলেও, সামাজিক দূরত্ব, মুখের আবরণের ব্যবহার এবং হাতের উন্নত স্বাস্থ্যবিধির অভ্যাসগুলো অবিরত রাখা জরুরি থাকবে। সামাজিক দূরত্বের নির্দেশাবলীর পরিবর্তনগুলি সম্পর্কে জানতে NYS এবং NYC-র বিজ্ঞপ্তিগুলির ওপর নজর রাখুন।

কর্মচারীদের কাজের প্রকৃতির জন্য এবং কর্মস্থলের গঠনপ্রণালীর জন্য, আমার কর্মচারীরা নিজেদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখতে না পারলে, আমার কী করা উচিত?

কর্মীদের যদি 6 ফুট দূরত্বের মধ্যে থাকতেই হয়, তাদের সবসময় অবশ্যই একটি মুখের আবরণ পরে থাকতে হবে। অফিসের কাজ বা অন্যান্য কাজ যে ক্ষেত্রে তাদের গ্রাহক বা অন্যদের সাথে সামনাসামনি আলাপচারিতার প্রয়োজন নেই, সেক্ষেত্রে কয়েকজন বা সকল কর্মীকে টেলিফোনে কাজ করার অনুমতি দিন। টেলিফোনে কাজ করা একটি বিকল্প না হলে, কর্মচারীদের মধ্যে যথাসম্ভব বেশি দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করুন। কোনো নির্দিষ্ট সময়ে কর্মচারীর সংখ্যা ন্যূনতম করার জন্য কাজের শিফটগুলিকে আণ্ডপিছু করে দিন। সম্ভব হলে, ডেস্কগুলির মধ্যে ব্যবধান রাখুন। মিটিং রুমগুলিকে কাজের জায়গায় পরিণত করুন। কর্মীদের ধারণা জানাতে বলুন। সৃজনশীল হোন!

যে জায়গাগুলি দিয়ে বেশি যাতায়াত করা হয় সেগুলির জন্য আমার কী রক্ষাকবচ বা প্রোটোকল কার্যকর করা উচিত? উদাহরণস্বরূপ, একই সময়ে একটি লিফটে কতজন ব্যক্তিকে অনুমতি দেওয়া যাবে?

সম্ভব হলে, যে জায়গাগুলি দিয়ে বেশি যাতায়াত করা হয় সেই জায়গাগুলিতে কর্মচারীদের শারীরিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করে পুনরায় গঠন করুন। লিফটের মতো, দূতভাবে আবদ্ধ জায়গাগুলিতে, একই সময়ে একজনের বেশি ব্যক্তি থাকার জায়গা থাকলে, সেখানে সর্বাধিক যতজন থাকতে পারবেন তার সংখ্যা 50% এর কম করুন এবং সেখানে থাকা সকলে মুখের আবরণ পরা বাধ্যতামূলক করুন। লিফট যেখান থেকে ওঠে সেখানে একটি লিফটে কতজন উঠতে পারবেন তার সংখ্যা নির্দেশ করে এবং তার বেশি লোক হয়ে গেলে পরের লিফটের জন্য অপেক্ষা করার, এবং মুখের আবরণ পরার নির্দেশ দিয়ে পোস্টার লাগান। কর্মীদের সিডি ব্যবহার করতে উৎসাহিত করুন।

ভেতরে এবং বাইরে লাইনগুলি পরিচালনা করুন। লোকজনকে কোথায় দাঁড়াতে হবে তা দেখিয়ে টেপ বা অন্যান্য মার্কার রাখুন যাতে তারা অন্যদিকের লোকটির থেকে 6 ফুট দূরত্বে থাকেন। লোক চলাচলের জন্য পর্যাপ্ত জায়গা রাখুন। অপেক্ষারত গ্রাহকদের সামাজিক দূরত্বের আবশ্যিকতাগুলি মনে করিয়ে দেওয়ার পোস্টারগুলি লাগান।

আমি কি সামনাসামনি মিটিং করতে পারি? মিটিংয়ে অংশগ্রহণকারী ব্যক্তির কোনো সর্বাধিক সংখ্যা আছে?

যথাসম্ভব, মিটিংয়ের বিকল্প পদ্ধতিগুলি ব্যবহার করুন, যেমন টেলিফোন এবং ভিডিও কনফারেন্স। সামনাসামনি মিটিংগুলি একটি স্বল্প সংখ্যক কর্মীর মধ্যে সীমাবদ্ধ রাখুন, মিটিংয়ের জন্য বড় কনফারেন্স রুম বা খোলা জায়গা ব্যবহার করুন, এবং অন্তত 6 ফুট শারীরিক দূরত্ব বজায় রাখুন।

"নিরাপত্তা বা আসল কাজটির জন্য একটি তুলনামূলক কম দূরত্বে থাকা আবশ্যিক না হলে 6 ফুট দূরত্ব বজায় রাখা নিশ্চিত করুন" বলতে কী বোঝায়?

এর অর্থ এই যে কর্মচারীরা তাদের কাজের অত্যাবশ্যিক অংশ হিসেবে 6 ফুট দূরত্ব বজায় রাখতে না পারলে, তাদের একটি মুখের আবরণ পরতে হবে। উদাহরণস্বরূপ, নিরাপত্তার প্রোটোকল অনুযায়ী একজন কর্মচারী মই বেয়ে

ওঠার সময় আর একজন কর্মচারীকে মই ধরে রাখতে হলে, 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয়। এই ক্ষেত্রে, দুজনকেই মুখের আবরণ পরতে হবে।

ওয়্যারহাউস বা স্টকরুমের কর্মীদের মতো - কর্মীরা - ডেলিভারি করা কর্মী বা ওয়্যারহাউসে আসা অন্যদের সাথে কীভাবে কথাবার্তা বলবেন?

ডেলিভারি কর্মীদের সাথে কাজ করা বা কথোপকথনের সময়, কর্মচারীরা কাজ করার সময় কর্মস্থলে ইতিমধ্যে যে সকল সাবধানতা অবলম্বন করছেন সেগুলি তাদের মেনে চলতে হবে -- যথাসম্ভব দূরত্ব বজায় রাখা, অন্য লোকজনের 6 ফুটের মধ্যে থাকলে মুখের আবরণ পরা, নিয়মিতভাবে হাত ধোয়া এবং তাদের মুখ স্পর্শ করা এড়িয়ে চলা। ড্রাইভারদের গাড়ির মধ্যে থাকতে বলা এবং প্যাকেজগুলির জন্য স্বাক্ষর করার সময় তাদের নিজস্ব পেন ব্যবহার করার মতো অন্যান্য সাবধানতাগুলো কার্যকর করুন।

মুখের আবরণসমূহ পরা

কর্মস্থলে আমার কর্মচারীদের কি মুখের আবরণ পরতে হবে?

কর্মচারীরা তাদের নিজেদের মধ্যে এবং অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে না পারলে তাদের অবশ্যই একটি মুখের আবরণ পরা উচিত। কেউ কর্মচারীদের 6 ফুট দূরত্বের মধ্যে চলে এলে সঙ্গে সঙ্গে পরে নেওয়ার জন্য তাদের একটি মুখের আবরণ প্রস্তুত রাখতে হবে।

যদি কোনো কর্মচারী একট মুখের আবরণ পরে কাজ করতে শারীরিকভাবে অপারগ হন এবং কাজটি করার জন্য শারীরিক দূরত্ব বজায় রাখা না যায়, তাহলে সিটির মানবাধিকার আইনের আবশ্যিকতা অনুযায়ী আপনি আপনার ব্যবসার বিশেষ কোনো অসুবিধা না করে একটি ন্যায্য বন্দোবস্ত করতে পারবেন কিনা সে সম্পর্কে আপনাকে কর্মচারীর সাথে একটি সহযোগী বাক্যলাপ করতে হবে। উদাহরণস্বরূপ, আপনি কর্মচারীটিকে এমন কোনো কাজ অর্পণ করতে পারেন যেখানে অন্যদের কাছাকাছি থাকার প্রয়োজন হয় না, বা আপনি কর্মচারীটিকে ফোনে কাজ করার সুযোগের প্রস্তাব দিতে পারেন। অন্য বিকল্পগুলি কাজ না করলে, আপনাকে অনুপস্থিতির জন্য একটি ছুটি দিতে হতে পারে।

আমাকে কি কর্মচারীদের মুখের আবরণ প্রদান করতে হবে না কর্মচারীরা নিজেরাই তাদের ব্যবস্থা করবেন?

আপনাকে, বিনামূল্যে, আপনার কর্মচারীদের মুখের আবরণ প্রদান করতে হবে। সবসময় পর্যাপ্ত যোগান রাখুন। কর্মচারীদের আনা মুখের আবরণগুলি ন্যূনতম মানদণ্ড পূরণ করলে আপনি তাদের সেগুলি আনার ও পরার অনুমতি দিতে পারেন। শ্বাসত্যাগ করার ভালভ সহ একটি মুখের আবরণ ব্যবহার করা উচিত নয় কারণ একটি মুখের আবরণ হিসেবে এটির মাধ্যমে অপরিশুদ্ধ শ্বাস-প্রশ্বাসের বাতাস বেড়িয়ে অন্যের কাছে যেতে পারে। ছোটো ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি বিনামূল্যে মুখের আবরণগুলি পেতে পারে। আরো জানতে,

nyc.gov/nycbusiness/article/free-face-coverings দেখুন।

শারীরিক দূরত্ব এবং মুখের আবরণের নিয়মাবলী মেনে চলতে অস্বীকার করা একজন ক্রেতা, গ্রাহক, বা ভিজিটরকে আমার কীভাবে সামলানো উচিত?

NYS নির্বাহী আদেশ 202.34 অনুযায়ী, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ক্রেতাদের জন্য মুখের আবরণ পরা সম্পর্কে কঠোর নিয়মাবলী সেট করতে হবে এবং মুখের আবরণ না পরলে তাদের পরিষেবা দেওয়া হবে না, এই বিষয়টিকেও তার মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। এবং তারা NYS নির্বাহী আদেশের আবশ্যিকতা অনুযায়ী বাড়ির বাইরে থাকাকালীন শারীরিক দূরত্ব বজায় রাখা না গেলে সকলকে মুখের আবরণ পরার আবশ্যিকতা সম্পর্কে ক্রেতাদের শিক্ষিত করতে সাইনগুলি পোস্ট করতে পারেন। মুখের আবরণ এবং শারীরিক দূরত্ব বজায় সম্পর্কে নিয়মাবলী সহ, একজন ক্রেতা, ব্যবসার নিয়মাবলী মেনে চলতে অস্বীকার করলে, আপনি সেই ব্যক্তিকে চলে যেতে বলতে পারেন।

যদিও, যদি কেউ জানায় যে তার একটি প্রতিবন্ধকতা থাকার জন্য সে মুখের আবরণ পরতে পারবেন না, আপনি আপনার ব্যবসার বিশেষ কোনো অসুবিধা না করে একটি ন্যায্য বন্দোবস্ত করতে পারবেন কিনা সে সম্পর্কে আপনাকে কর্মচারীর সাথে অবশ্যই আলোচনা করতে হবে। আপনাকে, আপনার ব্যবসা, আপনার কর্মী, এবং আপনার অন্যান্য গ্রাহকদের জন্য কার্যকর হবে, এমন বিকল্প বন্দোবস্তগুলি প্রদান করার চেষ্টা করতে হবে। ব্যবসার পক্ষে বিশেষ অসুবিধা সৃষ্টি না করে প্রত্যেকে ব্যবসার এই বন্দোবস্তগুলি করার সক্ষমতার ওপরে ভিত্তি করে এই বন্দোবস্তগুলি আলাদা হবে। জীবন বা ব্যক্তিগত সম্পত্তির ক্ষেত্রে বিপজ্জনক হতে পারে এমন একটি জরুরি পরিস্থিতি বা অবস্থা উদ্ভূত হলে, 911 নম্বরে ফোন করুন।

একটি "স্বীকৃত" মুখের আবরণ বলতে কী বোঝায়?

অনুগ্রহ করে মুখের আবরণ সম্পর্কিত এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন:

www1.nyc.gov/assets/doh/downloads/pdf/imm/covid-19-face-covering-faq.pdf.

কর্মচারীরা মুখের আবরণ পরলে কি তাদের নিজেদের মধ্যে এবং অন্যদের সাথে 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে?

মুখের আবরণের ব্যবহার শারীরিক দূরত্ব বজায় রাখার বিকল্প হওয়া উচিত নয়। যেখানে সম্ভব হবে সেখানে কর্মচারীদের একে অপরের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে। যখন 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব হবে না, তখন কর্মচারীদের অবশ্যই একটি মুখের আবরণ পরতে হবে।

আমি কি কর্মচারীদের সবসময় একটি মুখের আবরণ পরা বাধ্যতামূলক করতে পারি, এমনকি শারীরিক দূরত্ব বজায় রাখা গেলেও?

হ্যাঁ, সাধারণভাবে, আবশ্যিকতাটি হল যখন কর্মচারীরা নিজেদের মধ্যে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে পারবেন না তখন একটি মুখের আবরণ পরার। নিয়োগকারীরা একটি আরো কঠোর নীতি আরোপ করতে পারেন এবং একে অপরের মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখা গেলেও মুখের আবরণের ব্যবহার বাধ্যতামূলক করতে পারেন। যদিও, ওপরে যেরকম বলা হয়েছে, যদি কেউ জানায় যে তার একটি শারীরিক অসুস্থতা থাকার জন্য তিনি মুখের আবরণ পরতে পারবেন না, আপনি আপনার ব্যবসার বিশেষ কোনো অসুবিধা না করে একটি ন্যায্য বন্দোবস্ত করতে পারবেন কিনা সে সম্পর্কে আপনাকে কর্মচারীর সাথে অবশ্যই আলোচনা করতে হবে।

শিল্পের ওপর নির্ভর করে ভিন্ন আবশ্যিকতা হতে পারে। বিস্তারিত তথ্যের জন্য “[NY Forward](#)” (নিউ ইয়র্ক ফরোয়ার্ড) পরীক্ষা করুন।

আমার কর্মচারীরা মুখের আবরণ পরতে চান না বলে সেটি পরতে অস্বীকার করলে কী হবে?

মুখের আবরণ পরার গুরুত্ব সম্পর্কে সমস্ত কর্মচারীকে শিক্ষিত করে তুলুন। গভর্নর এবং মেয়রের নির্দেশ বা নিয়োগকারীর নীতির আবশ্যিকতা অনুযায়ী একজন কর্মচারীর মুখের আবরণ পরা বাধ্যতামূলক হওয়া সত্ত্বেও যদি একজন কর্মচারী সেটি পরতে অস্বীকার করেন, এবং সেই অস্বীকার করার কোনো চিকিৎসা সংক্রান্ত কারণ না থাকে, তাহলে নিয়োগকারী শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন।

আমার কি স্বাস্থ্যত্যাগ করার ভালত যুক্ত মুখের আবরণ ব্যবহার করা উচিত?

না। একটি স্বাস্থ্যত্যাগ করার ভালত যুক্ত মুখের আবরণ ত্যাগ করা নিঃশ্বাসের সাথে অপরিশুদ্ধ বাতাস নির্গমন করে, যা মুখের আবরণকে কম কার্যকর করে তোলে।

একজন কর্মীর জন্য আমাকে কয়টি মুখের আবরণ প্রদান করতে হবে?

যাতে প্রতিদিন একটি পরিষ্কার, নষ্ট না হওয়া মুখের আবরণ নিশ্চিত করা যায় সেইজন্য তাদের একটি কাপড়ের তৈরি মুখের আবরণ দিন বা ফেলে দেওয়া যাবে এমন একাধিক মুখের আবরণ দিন।

হাতের উন্নত স্বাস্থ্যবিধি এবং পরিষ্কারের প্রোটোকলসমূহ

আমার অফিসের জায়গাটি এখন কিছুদিনের জন্য খালি থাকবে। আমার কর্মচারীরা ফিরে আসার আগে আমাকে কি কোনো বিশেষ পরিষ্কার করার বন্দোবস্ত করতে হবে?

কর্মস্থলে ফিরে আসার আগে, দরজার কড়া, হাতল এবং কলগুলির মতো প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতল এবং বস্তুসমূহ সহ একটি দৈনন্দিন পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ পরিচালিত করুন। বিল্ডিংটির যদি বায়ু বা জল সঞ্চলনের মতো কোনো পদ্ধতি থাকে, দীর্ঘদিনের অচলাবস্থার পরে সিস্টেমটি আবার শুরু করার জন্য প্রস্তুতকর্তার সুপারিশগুলি মেনে চলুন।

আমার ব্যবসার জায়গাটি কিছুদিনের জন্য খালি পড়ে ছিল। জল কি কর্মচারী এবং অন্যদের পান করার পক্ষে নিরাপদ?

একটি বিল্ডিং খালি থাকলে বা সেখানে লোক কম থাকলে, প্লাস্টিং সিস্টেমের জল জমে যাওয়ার সম্ভাবনা থাকে। জমে থাকা জল বিল্ডিং বাসীদের জন্য ঝুঁকি তৈরি করতে পারে। জমা জলের জায়গায় পৌরসভার জলের সরবরাহ থেকে টাটকা জল নিয়ে এই ঝুঁকিগুলি প্রশমনের ব্যাপারে পদক্ষেপ নেওয়া সম্পর্কে আপনার বিল্ডিং পরিচালকের সাথে কথা বলুন। বিল্ডিংয়ের মালিক, পরিচালক, ইঞ্জিনিয়ার, অপারেটর এবং সুপারিন্টেন্ডেন্টদের জন্য বিস্তারিত নির্দেশিকা “[Guidance for Returning Building Water Systems to Service After Prolonged Shutdown](#)” (দীর্ঘদিন বন্ধ থাকার পরে বিল্ডিংয়ের জল সরবরাহের ব্যবস্থা পুনরায় চালু করার জন্য নির্দেশিকা) দেখুন।

আমাকে কি সংযোগ-মুক্ত হ্যান্ড স্যানিটাইজার দিতে হবে?

হ্যাঁ। শেয়ার করা পৃষ্ঠতল, যন্ত্রপাতি এবং সরঞ্জাম থাকা অঞ্চলগুলিতে অন্তত 60% অ্যালকোহল যুক্ত সংযোগ মুক্ত হ্যান্ড স্যানিটাইজার রাখা আপনার কর্মী, গ্রাহক, ভিজিটর এবং ফ্রেতাদের হাতের উন্নত স্বাস্থ্যবিধি উন্নীতকরণের একটি অসাধারণ উপায়।

আমার কর্মীদের কি গ্লাভস পরতে হবে?

নিয়মিত গ্লাভসের ব্যবহারের সুপারিশ করা হয় না। [CDC](#) ব্যাখ্যা করে যে সাধারণত অসুস্থ কারুর পরিষ্কার বা পরিচর্যা করার জন্য গ্লাভস প্রয়োজন। অন্যান্য বেশিরভাগ ক্ষেত্রে, গ্লাভস পরার প্রয়োজন নেই এবং সেটি জীবাণুর সংক্রমণের কারণ হতে পারে। নিজেকে সুরক্ষিত রাখার সবথেকে ভালো উপায় হল সাবান ও জল দিয়ে 20 সেকেন্ড ধরে হাত ধোয়া, বা অন্তত 60% অ্যালকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা।

মিটিং রুম, বাল্লাঘর এবং বাথরুমের মতো সকলের ব্যবহার্য জায়গাগুলিকে আমাকে কতবার পরিষ্কার করতে হবে?

কমপক্ষে প্রতিদিন একবার পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন, এবং শেয়ার করা জিনিসগুলি (যেমন সরঞ্জামসমূহ), প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতল, এবং যে জায়গাগুলি যাতায়াতের জন্য খুব বেশি ব্যবহার করা হয় এবং সাধারণ জায়গাগুলি আরো ঘনঘন পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন। খুব বেশি স্পর্শ করা পৃষ্ঠতল এবং জিনিসগুলি মিটিংয়ের টেবিল, চেয়ারের হাতল, দরজার কড়া, কেবিনেট খোলার হ্যান্ডেল, রেফ্রিজারেটর দরজার হ্যান্ডেল, কল, টয়লেট এবং আলোর সুইচগুলিকে অন্তর্ভুক্ত করে। [পরিষ্কারের নির্দেশিকা](#) দেখুন।

হেলমেট এবং মুখের বর্মের মতো, নিয়োগকারীর-মালিকানাধীন সরঞ্জাম, প্রতি শিফটের পরে জীবাণুমুক্ত করতে হবে। সরঞ্জামটির ভিতরটি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন, তারপর বাইরেটা, তারপর সাবান ও জল দিয়ে হাত ধুন।

যে সমস্ত কর্মীদের নিজস্ব শক্ত টুপি এবং সরঞ্জাম আছে তাদের যথাযথ পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার সামগ্রীগুলি দেওয়া সহ, একই পরিষ্কারের প্রোটোকল মেনে চলতে উৎসাহিত করুন। এই ধরনের পরিষ্কার সম্পূর্ণ করার জন্য সময় লাগছে তার বিনিময়ে বেতন দিন।

বায়ু চলাচল ব্যবস্থা কি COVID-19 ট্রান্সমিট করতে পারে? কর্মচারী এবং অন্যদের সুবক্ষিত রাখতে আমি কী ব্যবস্থা নিতে পারি?

বর্তমান প্রমাণ সীমিত এবং একটি বায়ু চলাচল ব্যবস্থায় প্রবেশ করা বায়ু ভাইরাসটি ট্রান্সমিট করবে এরকম কিছু বলে না। যদিও, এয়ার কন্ডিশনিং ইউনিট, বায়ু প্রবাহের নালি বা পাখাগুলি (ব্যক্তিগত বা ঘরের পাখা) থেকে জায়গাগুলি জুড়ে বায়ুর সবেগে চলাচল, ড্রপলেটগুলিকে 6 ফুটের বেশি দূরে নিয়ে যেতে পারে। বিবেচনা করুন:

- বায়ু চলাচলের জানলা এবং পাখাগুলিকে উৎস থেকে ওপরের দিকে আবর্তিত করতে নির্দেশিত করুন।

- কর্মচারী এবং গ্রাহকদের এমনভাবে রাখুন যাতে তারা সরাসরি বায়ু প্রবাহের মুখোমুখি না থাকেন।
- খুব বেশি বায়ু প্রবাহিত হওয়া ঘরগুলিতে, অন্যদের থেকে 6 ফুট দূরত্ব রাখা গেলেও কর্মচারীদের মুখের আবরণ পরা বাধ্যতামূলক করুন।

সেইসাথে, আপনার জায়গা অনুযায়ী, উপযুক্ততা হিসেবে, বায়ু চলাচল উন্নত করতে এই পদক্ষেপগুলি নিন:

- বাইরের বাতাস ভিতরে ঢোকানোর সম্ভাবনা 100% পর্যন্ত বাড়ানোর চেষ্টা করুন (প্রথমে তাপমাত্রা এবং আদ্রতা উভয় নিয়ন্ত্রণ সেইসাথে বাইরের/ভিতরের বাতাসের মানের বিষয়গুলির জন্য HVAC সিস্টেমের সক্ষমতাগুলির সাথে সংগতি যাচাই করে নিন)।
- সম্ভব হলে, লোক থাকা জায়গাগুলিতে সামগ্রিক বায়ু প্রবাহ বাড়ান।
- তাপমাত্রা বা লোক থাকার ওপর ভিত্তি করে বাতাসের সরবরাহ নিয়ন্ত্রণ করা ডিম্যান্ড-কন্ট্রোল ভেন্টিলেশন (demand-control ventilation, DCV) নিয়ন্ত্রণগুলি নিষ্ক্রিয় করুন।
- পরিবেশগত পরিস্থিতি এবং বিল্ডিংয়ের আবশ্যিকতাগুলি অনুমতি দিলে বাইরের বাতাস দিয়ে ভিতরের বাতাসকে আর্ভিত করা বাড়াতে স্বাভাবিক বায়ু চলাচল (উদাহরণস্বরূপ, সম্ভব ও নিরাপদ হলে জানলা খুলে দিন) ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- বায়ু প্রবাহের ডিজাইনের বিশেষ কোনো পরিবর্তন না করে কেন্দ্রীয় বায়ু পরিশোধন যতটা সম্ভব উন্নত করুন (MERV 13 বা 14)
 - ফিল্টার যথাযথভাবে লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করতে এবং ফিল্টারের বাইপাস ন্যূনতম করার উপায়গুলি পরীক্ষা করতে ফিল্টার হাউসিং এবং তাকগুলি পর্যবেক্ষণ করুন।
- লঘুকরণ বায়ু চলাচল সর্বাধিক করতে কেউ না থাকার সময়েও বায়ু চলাচল ব্যবস্থা চালু রাখার কথা বিবেচনা করুন।
- নিশ্চিত করুন যে কর্মক্ষেত্রে লোক থাকাকালীন রেস্টরুম ফেসিলিটিগুলিতে এক্সহস্ট ফ্যানগুলি কাজ করে এবং পূর্ণ ক্ষমতায় চলে।

ডাকযোগে পাওয়া প্যাকেজগুলি আমাদের কীভাবে পরিচালনা করা উচিত?

প্যাকেজগুলি সহ, ডাকযোগে আসা জিনিসগুলি পরিচালনা করার সময় হাতের উত্তম স্বাস্থ্যবিধি অনুশীলন করুন।

যোগাযোগ ও প্রশিক্ষণ

আমার কর্মচারীদের COVID-19 নিরাপত্তা প্রোটোকলগুলি সম্পর্কে মনে করিয়ে দেওয়ার চিহ্নগুলি আমি কোথায় পাব?

NYC স্বাস্থ্য দপ্তরের (NYC Health Department) থেকে আপনি বিনামূল্যে বিবিধ ভাষায় চিহ্নগুলি পেতে পারেন। 311 নম্বরে ফোন করুন বা www1.nyc.gov/site/doh/covid/covid-19-posters-and-flyers.page থেকে ডাউনলোড করুন:

- বিস্তার থামান
- সামাজিক দূরত্ব

- আপনার হাত ধোনা
- কাশির সময় মুখ ঢাকুন

COVID-19 নিরাপত্তার প্রোটোকলগুলি সম্পর্কে আমাকে আমার কর্মচারীদের কীভাবে প্রশিক্ষণ দিতে হবে?

- আপনার কর্মচারীরা কত ভালোভাবে COVID-19 প্রোটোকলগুলি মেনে চলছে তার ওপর নজর রাখুন।
- আপনার নিরাপত্তা পরিকল্পনা বারবার চোখে পড়ার মতো কোনো জায়গায় লাগান যাতে সেটা সবসময় কর্মচারীদের চোখে পড়ে। পরিকল্পনাটি আপনার কর্মচারীদের মধ্যে বিতরণ করুন যাতে তারা জানতে পারেন কী প্রত্যাশা করা হয়।
- প্রশিক্ষণ এবং শিক্ষা দেওয়া প্রয়োজন অনুযায়ী পুনরাবৃত্ত করুন। কর্মচারীদের প্রশ্ন জিজ্ঞাসা করার এবং উদ্বেগ উত্থাপনের জন্য একটি পদ্ধতি রাখুন।
- যাদের নতুন নিয়োগ করা হয়েছে, ইন্টার্ন, স্বেচ্ছাসেবক, অস্থায়ী কর্মী এবং ঠিকাদারদের প্রশিক্ষণ দেওয়া নিশ্চিত করুন। বিভিন্ন ধরনের যোগাযোগের মাধ্যম ব্যবহার করুন: ইমেল, বুলেটিন বোর্ডে লাগানো, ঘোষণা।
- কর্মচারীরা যে ভাষা বোঝেন সেই ভাষায় যোগাযোগ করুন।

নির্দেশনায় যে চিহ্নগুলির প্রস্তাব দেওয়া হয়েছে তার কি কোনো দৃশ্যমানতা বা নির্দিষ্ট আকার আছে?

চিহ্নগুলির আকার সম্পর্কে কোনো আবশ্যিকতা নেই। কর্মী, ক্রেতা এবং গ্রাহকরা সহজে দেখতে এবং পড়তে পারবেন এরকম চিহ্নগুলি লাগান। চিহ্নগুলি হল COVID-19 প্রশমনের চর্চাগুলি সম্পর্কে মানুষকে মনে করিয়ে দেওয়ার একটি উপায় এবং আবশ্যিকতাগুলি এবং সবথেকে ভালো অভ্যাসগুলি সম্পর্কে তারা যেন বুঝতে পারে সেটিকে সেরকম সহজ করুন।

যাতায়াত, ভ্রমণ, এবং ভিজিটরগণ

আমার কর্মচারীরা কাজে আসার জন্য কি গণপরিবহন ব্যবহার করতে পারবেন?

কর্মচারীরা যদি টেলিফোনে কাজটি করতে পারেন তাহলে তাদের তা করার অনুমতি দিন। কাজে আসার জন্য কর্মীদের হেঁটে বা বাইকে যাতায়াত করতে উৎসাহিত করুন। কর্মীদের সাবওয়ে বা বাসে করে যাতায়াত করতে সহায়তা করার জন্য কাজের সময়সূচি আণ্ডপিছু করে দিন যাতে তারা ভিড় এড়াতে পারেন। দেরি করার আসার নমনীয় নীতি গঠন করুন যাতে কর্মচারীরা ভিড় সাবওয়ে ব্যবহার না করে ছেড়ে দিতে পারেন, সেইসাথে কর্মচারীদের মনে করিয়ে দিন যে যাতায়াতের জন্য তাদের বেশি সময় দেওয়া হবে।

আমার কর্মচারীরা কি ব্যবসার প্রয়োজনে ভ্রমণ করতে পারবেন?

যে মিটিং এবং সমাবেশের জন্য সাধারণত ভ্রমণ করার প্রয়োজন হয় সেক্ষেত্রে সম্ভব হলে ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিংয়ের ব্যবহার করার চেষ্টা করুন। শুধুমাত্র মুখোমুখি করতে এমন কাজ-সম্পর্কিত মিটিং বা

সমাবেশগুলিকে বাতিল করা, অ্যাডজাস্ট করা বা সাময়িকভাবে স্থগিত রাখার কথা বিবেচনা করুন।

স্কুল এবং শিশু পরিচর্যা কেন্দ্রগুলি কবে খুলবে? অফিস খোলা এবং স্কুলগুলি বাস্তবিকভাবে বন্ধ থাকলে শিশু পরিচর্যা কীভাবে করা হবে?

COVID-19 এর প্রতিক্রিয়ার পরবর্তী পর্যায়েগুলির পরিকল্পনা করার জন্য NYC নিরলস পরিশ্রম করে চলেছে কিন্তু স্কুল এবং শিশু পরিচর্যা পুনরায় খোলার কোনো তারিখ এখনও স্থির করা হয়নি।

নিয়ম মেনে চলা নিশ্চিত করতে সিটির পর্যবেক্ষকগণ কি অফিসে ভিজিট করবেন?

হ্যাঁ। রিওপেনিংয়ের আবশ্যিকতাগুলি কীভাবে মেনে চলতে হবে সে সম্পর্কে নিউ ইয়র্ক সিটি অফিসগুলিকে শিক্ষিত করে তুলবে। নিয়ম যাতে মেনে চলা হয় তা নিশ্চিত করতে পর্যবেক্ষকগণ অফিসে ভিজিট করতে পারেন।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

7.2.20